দৈনিক ইত্তেফাক

তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ ...06 NOV 1988...
পৃষ্ঠা... ...2 কলাম 7...

200

## শিক্ষাঙ্গনে সন্ত্রাস

স্বাধীনতা-উত্তর বাংলাদেশে শিক্ষাঙ্গনে সন্ত্রাস ভয়াবহ রূপ নিয়াছে। খুন-জখম, বোমাবাজি, অস্ত্রের ঝন-ঝনানি ইত্যাদি এখন শিক্ষাঙ্গনে নিত্যনৈমিত্তিক ঘটনা। এক শ্রেণীর ছাত্র ও ছাত্র নামধারী কিছু বহিরা-গত আন্দোলনের নামে ছাত্র আন্দো-লনের নামে ছাত্র আন্দোলনের অতীত ঐতিহ্যকে ধূলিসাৎ করিয়া শিক্ষাঙ্গনে সন্ত্রাস সৃষ্টি করিয়া শিক্ষাঙ্গনের সুস্থ পরিবেশ বিঘ্নিত করিতেছে। দেশ ও জাতিকেও তাহার ভবিষ্যৎ যোগ্য নাগরিক গড়িয়া তুলিতে অন্তরায় সৃষ্টি করি-তেছে। এব্যাপারে সরকারের নীরব ভূমিকা জাতিকে আরও ক্ষুব্ধ করিয়াছে। স্বাধীনতার পর এক শ্রেণীর রাজনীতিবিদ ও তাহাদের সাঙ্গপাঙ্গরা গণতন্ত্রের নামে ছাত্র-দের যেভাবে ব্যবহার করিয়াছে তাহার পরিণতিই আজ শিক্ষাঙ্গনের এই রূপ। ইহার বিহিত ব্যবস্থা করার জন্য সকল মহলকেই আগা-ইয়া আসিতে হইবে।

—মোঃ হুমায়ুন কবির (হিমু), ডিপ্লোমা প্রকৌশলী (তড়িৎ), পলিটেকনিক ইনষ্টিটিউট, ময়মন-সিংহ।